



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ  
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬  
www.dpe.gov.bd



স্মারক নং- ৩৮.০১.০০০০.৮০১.০৩.০২৩.১৯- ৬২০/৮

তারিখ: ২৫ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ  
০৯ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ

**বিষয়: বার্ষিক প্রাথমিক বিদ্যালয় শুমারি-২০২৩ তথ্য সংগ্রহের জন্য বাংলাদেশের সকল ক্যাটাগরির প্রাথমিক বিদ্যালয়ের ডাটা এন্ট্রির সময়সীমা বর্ধিতকরণ সংক্রান্ত।**

সূত্র: প্রাশিঅ এর ১৮ জুন ২০২৩ তারিখের ৩৮.০১.০০০০.৮০১.০৩.০২৩.১৯-২৮৭ নং স্মারক।

সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বার্ষিক প্রাথমিক বিদ্যালয় শুমারি (এপিএসসি)-২০২৩ এর তথ্য সংগ্রহের নিমিত্ত প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে অনলাইন সফটওয়্যারে তথ্য আপলোডের সময়সীমা ছিল ৩০ জুন ২০২৩ খ্রিষ্টাব্দ। অদ্য ৯/০৭/২০২৩ তারিখের তথ্য মোতাবেক সরকারি প্রাথমিক বিদ্যালয়, পরীক্ষন বিদ্যালয় ও সদ্য জাতীয়করণকৃত মোট ১২৩৭টি বিদ্যালয় এবং কিন্টারগার্টেন ও অন্যান্য বেসরকারি ১৮৯৬টি বিদ্যালয়সহ সর্বমোট ৩২৩৫টি প্রাথমিক বিদ্যালয়ের তথ্য আপলোড করা হয়নি। এছাড়াও, ১৩৩৯টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের তথ্য আপলোড করা হলেও তা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন করা হয়নি।

২। এমতাবস্থায়, এপিএসসি-২০২৩ এর তথ্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে নির্ভুলভাবে আগামী **২০ জুলাই ২০২৩** তারিখের এর মধ্যে আপলোড এবং উপজেলা শিক্ষা অফিসার কর্তৃক চূড়ান্ত অনুমোদন প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

৩। সংশ্লিষ্ট বিভাগীয় উপপরিচালকগণ তথ্য আপলোডের বিষয়টি নিশ্চিত করে পরিচালক (পরিঃ ও মূল্যাঃ) বরাবর ([dirmonitor@dpe@gmail.com](mailto:dirmonitor@dpe@gmail.com) , [admonitoring@dpe@gmail.com](mailto:admonitoring@dpe@gmail.com) ) অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

#### ৪। বিষয়টি অতিব জরুরী।

  
খন্দকার দীন মোহাম্মদ

সহকারী পরিচালক (পরিঃ ও মূল্যাঃ)  
[admonitoring@dpe@gmail.com](mailto:admonitoring@dpe@gmail.com)

বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, (সকল)

#### অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

- ১। মহাপরিচালক, মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (হাইস্কুল সংলগ্ন প্রাথমিক বিদ্যালয় এর এপিএসসি-২০২৩ এর তথ্য হালফিলের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ২। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো প্রধানমন্ত্রীর কার্যালয়পল্ট- ই-১৩/বি, আগারগাও শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
- ৩। মহাপরিচালক, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, ঢাকা-১০০০।
- ৪। পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
- ৫। পরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ/আইএমডি/পরিঃ ও উন্নাঃ/অর্থ/প্রকিউরমেন্ট/পলিসি এন্ড অপাঃ), প্রাশিঅ।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইএমডি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (পত্রটি ওয়েবসাইট আপলোড এবং **৩০ জুলাই ২০২৩** পর্যন্ত এপিএসসির ওয়েবসাইট খোলা রাখার অনুরোধসহ)।
- ৭। সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাগম, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), জেলা ,.....।
- ৯। উপজেলা নির্বাহী অফিসার (সকল), উপজেলা: ....., জেলা..... (উপজেলা পর্যায়ে সকল ক্যাটাগরির প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণকে এপিএসসি এর তথ্য হালফিলের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), উপজেলা: ....., জেলা..... (মাধ্যমিক বিদ্যালয় সংলগ্ন প্রাথমিক বিদ্যালয়ের এপিএসসি এর তথ্য হালফিল নিশ্চিত করণের অনুরোধসহ)।
- ১১। উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল).....।
- ১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) প্রাশিঅ।
- ১৩। অতি: মহাপরিচালক (রাজস্ব/পিইডিপিঃ) এর ব্যক্তিগত সহকারী (অতি: মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) প্রাশিঅ।